# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods

(Request for Quotation Method)

**আর এফ কিউ নং-৬২/২০২৩-২০২৪**

ISO 9001:2015 Certified

## ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গেন্ডা, সাভার, ঢাকা।

**" ঢাকা পবিস-৩ এর নতুন বোর্ড রুমের জন্য ০৩টি স্মার্ট টিভি ক্রয়ের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পুনঃ দরপত্র (RFQ)"**

---


**প্রশাসন বিভাগ**

**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩**

**গেন্ডা, সাভার, ঢাকা।**

**web: www.pbs3.dhaka.gov.bd, E-mail: dhakapbs3@gmail.com**

ফোন নং- ০১৭৬৯৪০১৯৯০


20/03/24

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

মোঃ রাশেদুল ইসলাম

এজিএম(প্রশাসন)

ঢাকা পবিস-৩

ঢাকা পবিস-৩

ISO 9001:2015 Certified

**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
DHAKA PALLI BIDYUT SAMITY-3
গেন্ডা, সাভার, ঢাকা।

সদর দপ্তর-প্রশাসন বিভাগ
টেলিফোন নং : ০২-২২৪৪৪৪৫১৫
**E-Mail:** dhakapbs3@gmail.com
**Website: www.**pbs3.dhaka.gov.bd
**Skype:**dhakapbs3,**Twitter:**dhakapbs3

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৪. ৬৪৯

তারিখঃ ০৬ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ।
২০ মার্চ,২০২৪ খ্রিষ্টাব্দ।

**"ঢাকা পবিস-৩ এর নতুন বোর্ড রুমের জন্য ০৩ টি স্মার্ট টিভি সরবরাহের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পুনঃ দরপত্র (RFQ)"**

প্রতি,
---------------------------------------
---------------------------------------
---------------------------------------

১. সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর **'বোর্ড রুমের জন্য ০৩টি স্মার্ট টিভি'** সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ স্পেসিফিকেশন অফিস চলাকালীন সময়ে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www. pbs3.dhaka.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে ঢাকা পবিস-৩ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬নং অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পবিস-৩, গেন্ডা, সাভার, ঢাকা অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহের জন্য কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানত (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ২৫/০৩/২০২৪খ্রিঃ তারিখ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে ৪নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে **"'বোর্ড রুমের জন্য ০৩ টি স্মার্ট টিভি'"** ক্রয় এর দরপত্র এবং আগামী ২৫/০৩/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পর প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ২৫/০৩/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs3.dhaka.gov.bd ও বাপবিবো ওয়েব সাইটে দেখা যাবে।

০৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক স্বাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনকভাবে টিভি সরবরাহ পূর্বক ইনস্টল করার পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১.কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১২. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৩. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ওয়ারেন্টি কার্ডসহ সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৪. নির্ধারিত তারিখের মধ্যে টিভি সরবরাহ ও ইনস্টল করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে জরিমানা কোনো অবস্থাতেই মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না।

১৫. ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

20/03/24

(এম.এম. আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট-এ বহুল প্রচারের অনুরোধ সহ)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০৩। জেলা প্রশাসক, ঢাকা।
০৪। পুলিশ সুপার, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,-----------------পবিস ১/২/৩/৪
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার/ধামরাই, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা (উত্তর), বাপবিবো, ঢাকা।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ,ঢাকা।
০৯। মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
১০। ডিজিএম (সদর দপ্তর –কারিগরী) , ১/২/৩/৪/৫/৬/৭, জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
১১। এজিএম (ওএন্ডএম), রাজাশন/ফুলবাড়ীয়া সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
১২। এজিএম (অর্থ- হিসাব), ঢাকা পবিস-৩।
১৩। এজিএম (আইটি), ঢাকা পবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৪। মেসার্স------------------------------------------।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ঢাকা পবিস-৩।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

20.03.24

(এম.এম. আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৪. ৬৪২ (৬২/২০২৩-২০২৪), তারিখঃ ২০/০৩/২০২৪ খ্রিঃ।

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেন্ডা, সাভার, ঢাকা।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুযায়ী **"বোর্ড রুমের জন্য ০৩টি স্মার্ট টিভি"** সরবরাহের জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯(ঘ)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ............... **/২০২৪খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ:

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৪. ৬৪৯ (৬২/২০২৩-২০২৪), তারিখঃ ২০/০৩/২০২৪ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | স্পেসিফিকেশন | পরিমাণের একক | পরিমাণ | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | মোট মূল্য অংকে | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১ | Item 1: 65 inch TV Monitor | Brand | Samsung/sony/LG | | ০২টি | | | | ঢাকা পবিস-৩ এর সদর দপ্তরে |
| ২ | | Screen Size | 65 Inch | | | | | | |
| ৩ | | Display Type | LED | | | | | | |
| ৪ | | Smart TV | Yes | | | | | | |
| ৫ | | Processor | Crystal Processor 4K | | | | | | |
| ৬ | | Built-In Speaker(S) | 2CH | | | | | | |
| ৭ | | Resolution | 3,840 X 2,160 | | | | | | |
| ৮ | | Contrast | Mega Contrast | | | | | | |
| ৯ | | Brightness | Brightness Detection | | | | | | |
| ১০ | | Electronic Program Guide(EPG) | Yes | | | | | | |
| ১১ | | Refresh Rate | 60Hz | | | | | | |
| ১২ | | Viewing Angle | N/A | | | | | | |
| ১৩ | | Color Depth | Dynamic Crystal Color | | | | | | |
| ১৪ | | Weight | Package Weight 42.3 Kg | | | | | | |
| ১৫ | | Connectivity | HDMI 3 USB 2 Ethernet (LAN) Yes Bluetooth Yes (BT5.2) | | | | | | |
| ১৬ | | Power | AC100-240V 50/60Hz | | | | | | |
| ১৭ | | USB | USB 2 | | | | | | |
| ১৮ | | Warranty | 05 Years Service Warranty | | | | | | |
| ১৯ | | HDMI Cable | 15 meter HDMUI Cable Dtech | | ০৩টি | | | | |
| ২০ | | Splitter | HDMI Splitter Dtech | | ০১টি | | | | |

## Item-2: 75 inch TV/Monitor

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | Item 2: 75 inch TV Monitor | Brand | Samsung/sony/LG | | ০১টি | | | | ঢাকা পবিস-৩ এর সদর দপ্তরে |
| ২ | | Screen Size | 75 Inch | | | | | | |
| ৩ | | Design | AirSlim | | | | | | |
| ৪ | | Display Type | LED | | | | | | |
| ৫ | | Smart TV | Yes | | | | | | |
| ৬ | | Processor | Crystal Processor 4K | | | | | | |
| ৭ | | Built-In Speaker(S) | 2CH | | | | | | |
| ৮ | | Resolution | 3,840 X 2,160 | | | | | | |
| ৯ | | Contrast | Mega Contrast | | | | | | |
| ১০ | | Brightness | Brightness Detection | | | | | | |
| ১১ | | Electronic Program Guide(EPG) | Yes | | | | | | |
| ১২ | | Refresh Rate | 60Hz | | | | | | |
| ১৩ | | Viewing Angle | N/A | | | | | | |
| ১৪ | | Color Depth | Dynamic Crystal Color | | | | | | |
| ১৫ | | Weight | Package Weight 42.3 Kg | | | | | | |
| ১৬ | | Connectivity | HDMI 3 USB 2 Ethernet (LAN) Yes, Bluetooth Yes (BT5.2) | | | | | | |
| ১৭ | | Power | AC100-240V 50/60Hz | | | | | | |
| ১৮ | | USB | USB 2 | | | | | | |
| ১৯ | | Warranty | 05 Years Service Warranty | | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | | Installation Charge | | | All Item (Including 3 TVs) | | | | |

| | | |
|---|---|---|
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | অংকে | |
| | কথায় | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য------------------------------------------------------------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | ০৭ (সাত) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | নির্দেশনা মোতাবেক। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।

আমি/আমাদের প্রস্তাব -------/------/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | - | - | - | - | |

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকাঃ**

১. কলাম ১,২,৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতা মূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৫০.২৪. ৬৪৯ তারিখঃ- ২০/০৩/২০২৪খ্রিঃ

**"বোর্ড রুমের জন্য ০৩টি স্মার্ট টিভি সরবরাহের জন্য ক্রয় আদেশ "।**

| **কোটেশন নম্বর: ৬২/২০২৩-২০২৪** | **তারিখ: ২০/০৩/২০২৪ খ্রিঃ।** |
|---|---|
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>-------------------------------- | |
| সরবাহের তারিখ:------------------------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা---------------------------- |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী -------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের(সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

## <u>পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:</u>

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে স্মার্ট টিভি সরবরাহ পূর্বক ইনস্টল করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য ,যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং,তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

০৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়------------------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি , প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| 20/3/2024<br>(এম.এম. আবুল কালাম আজাদ)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩<br>গেন্ডা, সাভার, ঢাকা। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: 20.03.24 | তারিখ: |